



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং: ৭১০/ক/অনু/২০১৫/৯১২

তারিখ: ০৭/১১/২০১৯

বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষ-কে সহযোগিতা করণ প্রসঙ্গে।

সূত্র: ভারপ্রাপ্ত অধ্যক্ষ, জনাব মাহফুজা বানু এর ০৭/১১/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বোর্ডের স্মারক নং- ৭১০/ক/অনু/২০১৫/৮৯৭, তারিখ: ২৪/১১/২০১৯ এর আদেশ মোতাবেক ঢাকা মহানগরীর শ্যামপুর বহুমুখী হাই স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক জনাব মাহফুজা বানু-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালনের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হয়। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, জনাব মাহফুজা বানু অভিযোগ করেন যে, জেএসসি পরীক্ষার কেন্দ্র ফি, এসএসসি পরীক্ষার ফরম পূরণ, শিক্ষকদের বেতন, প্রতিষ্ঠান পরিচালনার জন্য অর্থ এবং শিক্ষকদের সরকারি বিলে ব্যাংকের স্বাক্ষর পরিবর্তনের জন্য তাকে সহযোগিতা করছেন না। তিনি আরও জানান যে, জনাব মাহফুজা বানু-কে অবৈধ দায়িত্ব প্রদান করা হয়েছে এবং রেজুলেশন বহি আপনার কাছে। আপনার পক্ষে সহযোগিতা করা সম্ভব নয় বলেও জানান। প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষের অভিযোগসমূহ আগামী ১৩/১১/২০১৯ তারিখের মধ্যে নিষ্পন্ন এবং তাকে সার্বিক সহযোগিতার নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

সভাপতি

গভর্নিং বডি

শ্যামপুর বহুমুখী হাই স্কুল এন্ড কলেজ (১০৮৪৭৩)

কদমতলী, ঢাকা